গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৪১

## রাজশাহী বিভাগীয় ক্রিকেট স্টেডিয়াম পরিদর্শন করলেন যুব ও ক্রীড়া উপদেষ্টা

রাজশাহী; (০৯ আগস্ট):

আজ (৯ আগস্ট) শনিবার বিকালে রাজশাহী বিভাগীয় ক্রিকেট স্টেডিয়াম পরিদর্শন করলেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজিব ভূঁইয়া।

স্টেডিয়ামটি পরিদর্শনকালে তিনি নতুন বাংলাদেশ গড়ার প্রত্যয়ে তারুণ্যের উৎসব ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে রাজশাহী বিভাগীয় ক্রীড়া সংস্থা আয়োজিত প্রীতি ক্রিকেট ম্যাচের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের হাতে ট্রফিও তুলে দেন।

অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, আমাদের তিনটি আন্তর্জাতিক স্টেডিয়ামে আন্তর্জাতিক ও বিপিএল এর ম্যাচগুলো হয়ে থাকে। এটাকে বিকেন্দ্রীকরণ করার জন্য উত্তরবঙ্গে রাজশাহী স্টেডিয়াম ও দক্ষিণবঙ্গে বরিশাল কিংবা খুলনা স্টেডিয়ামে বিপিএলের ম্যাচ আয়োজনের উদ্যোগ নিয়েছি।

তিনি বলেন, আপনারা জানেন বিসিবির দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ রাজশাহী পরিদর্শন করে গেছেন। এবারের বিপিএল আয়োজন করার জন্য কী কী সংস্কার করা প্রয়োজন তা দেখতে হবে। প্রয়োজনীয় সংস্কার শেষে রাজশাহীতে বেশ কয়েকটি ম্যাচ আয়োজন করা যাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

পরিদর্শনকালে স্টেডিয়ামে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া সচিব মো. মাহবুব-উল-আলম, স্থানীয় সরকার বিভাগের সচিব মো. রেজাউল মাকছুদ জাহেদী, বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ, রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার, পুলিশ সুপার ফারজানা ইসলামসহ অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

.....................................................................

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৮.০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd